# সংবাদ

তারিখ: 12 DEC 2005
পৃঃ ৭ কলাম ৬

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## শিবিরের হামলায় ছাত্রদল নেতা আহত পানির দাবিতে ছাত্রীদের কলসি মিছিল

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

গত শুক্রবার রাতে বিশ্ববিদ্যালয়ের ছাত্রশিবির কর্মীদের হামলায় এক ছাত্রদল নেতা আহত হয়েছেন। ছাত্রদল ওই হামলার প্রতিবাদে গত শনিবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে। মিছিল শেষে এক সমাবেশে তারা এ ঘটনার বিচার দাবি করেন। এজন্য তারা প্রশাসনকে ৪৮ ঘণ্টার সময়সীমা বেঁধে দিয়েছেন. অন্যথায় আগামীকাল মঙ্গলবার থেকে তারা ক্যাম্পাসে লাগাতার ধর্মঘটের হুমকি দিয়েছেন। এদিকে বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে ফের তীব্র পানি সঙ্কট দেখা দিয়েছে। দীর্ঘ ৬ মাস ১ ঘণ্টা করে পানি পেলেও গত ১ সপ্তাহ ধরে এক ফোঁটা পানিও পাচ্ছে না প্রীতিলতা হলের ছাত্রীরা। পানির দাবিতে তারা গত শনিবার রাস্তায় নেমে আসে এবং কলস ও বালতি নিয়ে মিছিল করে। এ সময় তারা চবি ভিসি অফিস ঘেরাও করে।

জানা যায়, গত শুক্রবার রাতে ছাত্রদল নেতা আবদুল কাইয়ুম ক্যাম্পাসে বন্ধুদের সঙ্গে চায়ের দোকানে বসে গল্প করার সময় শিবির কর্মীরা অতর্কিত হামলা চালায়। এ সময় শিবির ক্যাডাররা তাকে রড-চাপাতি দিয়ে পিটিয়ে গুরুতর আহত করে।

ছাত্রীরা জানায়, চবি প্রশাসন বারবার আমাদের পানি দেয়ার আশ্বাস দিলেও দীর্ঘ ৬ মাস ধরে প্রতিদিন আমরা ১ ঘণ্টা করে পানি পেয়েছি; কিন্তু গত ১ সপ্তাহ ধরে ওই ১ ঘণ্টা পানি দেয়া বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ। উপাচার্য প্রফেসর এজেএম নুরুদ্দিন চৌধুরী আন্দোলনরত ছাত্রীদের কাছে ১ সপ্তাহের সময় চেয়ে নেন। তিনি ছাত্রীদের ১ সপ্তাহের মধ্যে পানির ব্যবস্থা করে দেয়ার আশ্বাস দিলে ছাত্রীরা হলে ফিরে যায়।